গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
গবেষণা শাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৮১৭.০৬.০০০১.২৬.৯৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

বিষয়: **মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে পরিচালনার লক্ষ্যে গবেষণা প্রস্তাব আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৬-২৭ অর্থবছরের পরিচালন বাজেটের ‘গবেষণা’ খাতের বরাদ্দ হতে নিম্নে উল্লিখিত অগ্রাধিকার বিষয়ে দলগত গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

২। গবেষণাকর্মে আগ্রহী মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন (৯ম বা তদূর্ধ্ব গ্রেড) এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণকে গবেষণা নির্দেশিকা, ২০১৭ (আগস্ট ২০২৫ পর্যন্ত সংশোধিত) অনুসরণে গবেষণা দল গঠনপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর গবেষণা প্রস্তাব (সফট্ ও হার্ডকপি-০২ সেট) দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। গবেষণা প্রস্তাব দাখিলের ক্ষেত্রে প্রস্তাবের সাথে গবেষণা দলে অন্তর্ভুক্ত গবেষকদের নাম, পদবী, প্রতিষ্ঠান, মোবাইল, ই-মেইল উল্লেখসহ জীবনবৃত্তান্ত সংযুক্ত করতে হবে। গবেষণাদল গঠনে গবেষণা নির্দেশিকার অনুচ্ছেদ ৬ এবং ৭ অনুসরণ করতে হবে। গবেষণা দলে মন্ত্রিপরিষদ বিভাগের ন্যূনতম দুইজন কর্মকর্তা অন্তর্ভুক্ত থাকতে হবে এবং গবেষণা দলের দলনেতা মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা হবেন।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের যে সকল কর্মকর্তা ২০২৫-২৬ অর্থ বছরে অনুমোদিত গবেষণাকর্মে সম্পৃক্ত আছেন তারা ২০২৬-২৭ অর্থ বছরের গবেষণায় অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া, গবেষণা প্রস্তাব অনুমোদন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট ও গবেষণা ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণও গবেষণা প্রস্তাব দাখিল করতে এবং গবেষণা দলে অন্তর্ভুক্ত হতে পারবেন না।
৫। গবেষণা নির্দেশিকার অনুচ্ছেদ ৭.১(ক) অনুযায়ী চাকরিবিধি বা প্রচলিত আইনের আওতায় শাস্তিপ্রাপ্ত হলে তাকে গবেষণা দলে অন্তর্ভুক্ত করা যাবে না।

৬। গবেষণা প্রস্তাব দাখিলের ক্ষেত্রে বিগত ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থ বছরে অনুমোদিত গবেষণার বিষয়ের অনুরূপ কোন বিষয়ে (তালিকা সংযুক্ত) গবেষণা প্রস্তাব দাখিল পরিহার করার জন্য অনুরোধ করা হলো।

৭। ২০২৬-২৭ অর্থবছরের গবেষণার জন্য গবেষণার অগ্রাধিকার খাত ও বিষয়সমূহ নিম্নরূপ:

| গবেষণার প্রধান বিষয়বস্তু | ক্ষেত্রসমূহের অধীনে সম্ভাব্য গবেষণার বিষয় |
|---|---|
| দেশের সমসাময়িক উন্নয়ন ও জনপ্রশাসন সম্পর্কিত বিষয় | • জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতার সংস্কৃতি বিকাশে প্রাতিষ্ঠানিক সংস্কার<br>• উন্নয়ন প্রকল্প ব্যবস্থাপনার আধুনিকায়ন<br>• সরকারি ডিজিটাল তথ্য ব্যবস্থাপনায় ইন্টারঅপারেবিলিটি<br>• জ্বালানী সাশ্রয়ী পরিবহন ব্যবস্থাপনা ও আধুনিক পরিবহন কাঠামো<br>• সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) |
| সুশাসন, প্রশাসনিক সংস্কার, নাগরিক সেবা ও উদ্ভাবন সংক্রান্ত | • নাগরিক সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশনে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার<br>• প্রতিবন্ধীবান্ধব নাগরিক সেবা ও সুযোগ<br>• দুর্নীতি দমন ও সুশাসন নিশ্চিতকরণে ই-গর্ভন্যান্স-এর ভূমিকা<br>• সরকারি ক্রয় ব্যবস্থাপনা<br>• স্থানীয় সরকার শক্তিশালীকরণ<br>• সাইবার নিরাপত্তা |

| | |
|---|---|
| জনগুরুত্বপূর্ণ বিষয়সমূহ | • নিরাপদ খাদ্য ও পুষ্টি নিশ্চিতকরণ<br>• জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা<br>• বর্জ্য ব্যবস্থাপনা ও দূষণ নিয়ন্ত্রণ<br>• মৎস্য/প্রাণিসম্পদ উন্নয়নে প্রযুক্তির ব্যবহার<br>• দক্ষ জনশক্তি রপ্তানীতে কারিগরি শিক্ষার ভূমিকা<br>• অর্থনীতির গণতন্ত্রায়ন - ট্রিলিয়ন ডলারের অর্থনীতি |
| সরকারের গুরুত্বপূর্ণ অগ্রাধিকার উদ্যোগ, নীতি, পরিকল্পনা ও কর্মসূচি | • সামাজিক সুরক্ষা, নারীর ক্ষমতায়ন ও ফ্যামিলি কার্ড<br>• সর্বজনীন স্বাস্থ্যসেবা ও ই-হেলথ কার্ড<br>• কৃষি উন্নয়ন ও কৃষক কার্ড<br>• খাল ও নদী পুনঃখননের মাধ্যমে জলসম্পদের কার্যকর ব্যবহার<br>• পরিবেশ রক্ষা ও বৃক্ষরোপণ<br>• নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার ও টেকসই বিদ্যুৎ উৎপাদন<br>• সুনীল অর্থনীতি ও সামুদ্রিক সম্পদের ব্যবহার<br>• প্রযুক্তিনির্ভর শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন<br>• ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ ও গ্রামীণ অর্থনীতির উন্নয়ন<br>• হাওর-জলাভূমি এবং উপকূলীয় অঞ্চলের টেকসই উন্নয়ন<br>• পরিকল্পিত নগরায়ন ও নাগরিক সুবিধার অসমতা দূরীকরণ<br>• পর্যটন শিল্পের বিকাশ ও ইকো-ট্যুরিজম |
| উল্লিখিত সম্ভাব্য বিষয়সমূহ ছাড়াও প্রধান বিষয়বস্তুর আওতায় সংশ্লিষ্ট যেকোন বিষয়ে গবেষণা প্রস্তাব প্রেরণ করা যাবে। | |

৮। গবেষণার দল গঠন, ব্যয় প্রাক্কলন ও গবেষণা প্রস্তাব দাখিল ইত্যাদি ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকায় বর্ণিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। গবেষণা নির্দেশিকা, ২০১৭ (আগস্ট ২০২৫ পর্যন্ত সংশোধিত) মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

৯। অসম্পূর্ণ গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না।

১০। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা ও অনুমোদনক্রমে গবেষণা প্রস্তাব আহ্বান সংক্রান্ত এ বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

সংযুক্তি: ১। মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা, ২০১৭ (আগস্ট ২০২৫ পর্যন্ত সংশোধিত);
২। ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থ বছরের গবেষণার শিরোনাম।

**সংযুক্তিসমূহঃ**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা, ২০১৭ (আগস্ট ২০২৫ পর্যন্ত সংশোধিত)

(২) ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থ বছরের গবেষণার শিরোনাম।

০২-০৮-২০২৬
মোঃ জালাল হাবিবুর রহমান
যুগ্মসচিব
ফোন : ২২৬৬৪১০৩১
ইমেইল : re_sec@cabinet.gov.bd

সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৮১৭.০৬.০০০১.২৬.৯৬/১ (৬)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (বিষয়টি মাঠ প্রশাসনে অবহিত করার অনুরোধসহ)।
২। অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের অবহিতকরণের অনুরোধসহ)।
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২-০৮-২০২৬
মোঃ জালাল হাবিবুর রহমান
যুগ্মসচিব